গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য ও দুর্যোগ ব্যবস্হাপনা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৪ বৈশাখ, ১৪১৪

নং-খাদুব্যম/ত্রাক-৩/০৫/২০০৭-২২৬০ তারিখ ঃ ---------------

০৭ মে, ২০০৭

ভিজিএফ কর্মসূচী বাস্তবায়ন নির্দেশিকা।

ভিজিএফ কর্মসূচী ঃ-

১। ভিজিএফ কর্মসূচীর উদ্দেশ্য ও লক্ষ্য

(ক) দুঃস্থ ও দরিদ্র জাসাধারণের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা।

(খ) দুঃস্থ ও শিশুদের মধ্যে পুষ্টি অবনতি রোধে সাহায্য করা।

(গ) খাদ্যশস্যের মূল্য স্থিতিশীল রাখা।

(ঘ) কর্মহীন সময়ে (Lean Period) দরিদ্র জনসাধারণকে খাদ্য সহায়তা প্রদান করা।

(ঙ) উপকার ভোগীদেরকে সামাজিক ও অর্থ নৈতিক অবস্থার উন্নয়নে সাময়িকভাবে সাহায্য করার মাধ্যমে দারিদ্র বিমোচনে অবদান রাখা।

(চ) মন্ত্রণালয়কে অবহিত রেখে মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর প্রকৃত ক্ষতিগ্রস্ত , দুঃস্থতা, অনগ্রসরতা ও জনসংখ্যার ভিত্তিতে দেশের ইউনিয়ন/পৌরসভা ওয়ারী ভি.জি.এফ কার্ডের সংখ্যা ও সময় নির্ধারণ করবেন।

► মাঠ পর্যায়ে ভিজিএফ কর্মসূচী সফল ও সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত কমিটিসমূহ কাজ করবে ঃ

২। জেলা ভিজিএফ কমিটি

১। জেলা প্রশাসক	- সভাপতি
২। সিভিল সার্জন	- সদস্য
৩। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ	- সদস্য
৪। জেলা শিক্ষা কর্মকর্তা (উচ্চ মাধ্যমিক)	- সদস্য
৫। জেলা সমবায় কর্মকর্তা	- সদস্য
৬। জেলা পশুসম্পদ কর্মকর্তা	- সদস্য
৭। জেলা মৎস্য কর্মকর্তা	- সদস্য
৮। উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর	- সদস্য
৯। প্রকল্প/উপ-পরিচালক, বিআরডিবি	- সদস্য
১০। জেলা খাদ্য নিয়ন্ত্রক	- সদস্য
১১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)	- সদস্য
১২। পৌরসভার চেয়ারম্যান (সকল)	- সদস্য
১৩। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	- সদস্য
১৪। কর্মসূচীর সাথে সহযোগী সেচ্ছামূলক সংগঠনের প্রতিনিধি - ৩ জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	- সদস্য
১৫। জেলার গণ্যমান্য ব্যক্তি - ২ জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	- সদস্য
১৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা	- সদস্য সচিব

জেলা ভিজিএফ কমিটির দায়িত্বাবলী

► জেলার ভিজিএফ কর্মকান্ডের অগ্রগতি ও খাদ্যশস্য বিতরণ কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়ন ও পরিবীক্ষণ নিশ্চিত করা।

৩। উপজেলা ভিজিএফ কমিটি

১। উপজেলা নির্বাহী কর্মকর্তা	- সভাপতি
২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা	- সদস্য
৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	- সদস্য
৪। উপজেলা শিক্ষা কর্মকর্তা	- সদস্য
৫। উপজেলা কৃষি কর্মকর্তা	- সদস্য
৬। উপজেলা সমবায় কর্মকর্তা	- সদস্য
৭। উপজেলা পশু সম্পদ কর্মকর্তা	- সদস্য
৮। উপজেলা মৎস্য কর্মকর্তা	- সদস্য
৯। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা	- সদস্য
১০। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা	- সদস্য
১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	- সদস্য

১২। ইউপি চেয়ারম্যান (সকল) - সদস্য
১৩। স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধি - ২ জন - সদস্য
(উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত)
১৪। উপজেলার গণ্যমান্য ব্যক্তি - ২ জন - সদস্য
(উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত)
১৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা - সদস্য সচিব
(উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত)

উপজেলা কমিটির দায়িত্বাবলী

(ক) ইউনিয়ন কর্তৃক প্রস্তুতকৃত ভিজিএফ উপকারভোগীর তালিকা নির্ধারিত শর্ত ও মাপকাঠির ভিত্তিতে অনুমোদন এবং সে অনুযায়ী কার্ড ইস্যু করা।

(খ) খাদ্য সামগ্রী সঠিক সময়ে স্থানীয় খাদ্য গুদাম হতে উত্তোলন এবং তা' সঠিকভাবে বিতরণ করা হচ্ছে কি না তা' পরিবীক্ষণ করা।

► কমিটির সদস্য সচিব নিরীক্ষার জন্য খাদ্যশস্যের মজুদ রেজিষ্টার, মাষ্টার রোল ও অন্যান্য হিসাব পত্র সংরক্ষণ করবেন।

৪। ইউনিয়ন ভিজিএফ কর্মসূচী

১। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ - সভাপতি
২। ইউনিয়ন পর্যায়ের সকল সদস্য/সদস্যা - সদস্য
৩। ইউনিয়ন কৃষি সহকারী(ব্লক সুপারভাইজার) - সদস্য
৪। ইউনিয়ন পরিবার পরিকল্পনা সহকারী - সদস্য
৫। বিআরডিবি মাঠ সহকারী - সদস্য
৬। গ্রাম সরকারের প্রতিনিধি(যিনি গণ্যমান্য ব্যক্তি হিসাবে নির্বাচিত) - সদস্য
৭। ইউনিয়নের ৩ জন গণ্যমান্য বক্তি/সমাজকর্মী (নুন্যপক্ষে ১ জন মহিলা) - সদস্য
(উপজেলা নির্বাহী কর্মকর্তা মনোনয়ন দিবেন)
৮। ইউনিয়ন পরিষদের সচিব - সদস্য সচিব

কমিটির দায়িত্বাবলী

(ক) নির্ধারিত শর্ত ও মাপকাঠির ভিত্তিতে ভিজিএফ কর্মসূচীর আওতায় উপকারভোগীদের তালিকা প্রণয়ন করা।
(খ) উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত ভিজিএফ কার্ড ইস্যু করণের ব্যবস্থা করা।
(গ) নির্ধারিত সময়ের মধ্যে খাদ্যশস্য উত্তোলন ও বিতরণের ব্যবস্থা করা।
(ঘ) ভিজিএফ কার্ডের তালিকা যথাযথভাবে সংরক্ষণ করা।

► ভিজিএফ কর্মসূচীর নির্দেশিকা প্রাপ্তির সাথে সাথে কমিটি গঠন করে উপকারভোগীদের তালিকা প্রণয়নের কার্যক্রম শুরু করতে হবে। ইউনিয়ন পর্যায়ে প্রণীত ভিজিএফ উপকারভোগীর তালিকায় কমিটির সকল সদস্য স্বাক্ষর করবেন এবং তালিকা ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রদর্শন করতে হবে।

► কমিটি খাদ্য সামগ্রী উত্তোলন, বিতরণ ও হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবে। কমিটির সভাপতি নিরীক্ষার জন্য খাদ্যশস্যের মজুদ রেজিষ্টার, মাষ্টার রোল ও অন্যান্য হিসাবপত্র সংরক্ষণ করবেন।

৫। সিটি কর্পোরেশন ভিজিএফ কমিটি

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন - সভাপতি
২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) - সদস্য
৩। জেলা এ্যাডজুটেন্ট, আনসার ও ভিডিপি - সদস্য
৪। ওয়ার্ড কমিশনার (সকল) - সদস্য
৫। ওয়ার্ডের সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক (একজন) - সদস্য
(প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত)
৬। জেলা স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা - সদস্য
৭। স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধি (তিন জনের বেশী নয়) - সদস্য
(প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত)
৮। ওয়ার্ডের ২ জন গণ্যমান্য ব্যক্তি (১ জন মহিলা) - সদস্য
(প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত)
৯। উপ-পরিচালক, সমাজ সেবা বা প্রতিনিধি - সদস্য
১০। সিটি কর্পোরেশনের সচিব - সদস্য সচিব

► সিটি কর্পোরেশন ভিজিএফ কমিটি অনুচ্ছেদ ৩-এ বর্ণিত উপজেলা কমিটির অনুরূপ দায়িত্ব পালন করবে। কাজের সুবিধার্থে সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারকে সভাপতি করে প্রতিটি ওয়ার্ডে এক একটি ওয়ার্ড ভিজিএফ কমিটি গঠন করা যাবে। এক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা প্রধান সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করবেন এবং তাঁর সুবিধামতো সদস্য ও সদস্য-সচিব মনোয়ন করবেন। ওয়ার্ড কমিটি অনুচ্ছেদ ৪-এ বর্ণিত ইউনিয়ন কমিটির অনুরূপ দায়িত্ব পালন করবেন।

► কমিটির সভাপতি ও অন্যান্য সদস্যগণ খাদ্য সামগ্রী উত্তোলন, বিতরণ ও হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন। কমিটির সভাপতি
নিরীক্ষার জন্য খাদ্যশস্যের মজুদ রেজিষ্টার, মাষ্টার রোল ও অন্যান্য হিসাবপত্র সংরক্ষণ করবেন।

৬। পৌরসভা ভিজিএফ কমিটি

১।	চেয়ারম্যান পৌরসভা/স্থানীয় সরকারী/ বেসরকারী কলেজ, সরকারী উচ্চ বিদ্যালয়ের শিক্ষক।	-সভাপতি
২।	জেলা এ্যাডজুটেন্ট, আনসার ও ভিডিপি (জেলা সদরের পৌরসভার বেলায় জেলা এ্যাডজুটেন্ট এবং উপজেলা সদরের পৌরসভার বেলায় উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা)	-সদস্য
৩।	সংশ্লিষ্ট ওয়ার্ডে অবস্থিত সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/ শিক্ষক	-সদস্য
৪।	পৌরসভাস্থ সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক (এক জন) (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	-সদস্য
৫।	জেলা স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা	-সদস্য
৬।	স্বেচ্চাসেবী সংগঠনের প্রতিনিধি (৩ জনের বেশী নয়) (পৌর চেয়ারম্যান কর্তৃক মনোনীত)	-সদস্য
৭।	পৌরসভার ২ জন গণ্যমান্য ব্যক্তি (১ জন মহিলা) (জেলা প্রশাসক মনোনয়ন দিবেন)	-সদস্য
৮।	উপ-পরিচালক, সমাজসেবা বা প্রতিনিধি (জেলা সদরের পৌরসভার বেলায় উপ-পরিচালক এবং উপজেলা সদরের পৌরসভার বেলায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা)	-সদস্য
৯।	সচিব, পৌরসভা	-সদস্য সচিব

কমিটির দায়িত্বাবলী

(ক) নির্ধারিত শর্ত ও মাপকাঠির ভিত্তিতে ভিজিএফ কর্মসূচীর আওতায় উপকারভোগীদের তালিকা প্রণয়ন করা।
(খ) প্রাপ্ত তথ্য অনুযায়ী পৌরসভা ভিজিএফ কার্ড প্রস্তুত ও ইস্যু করণের ব্যবস্থা করা।
(গ) নির্ধারিত সময়ের মধ্যে খাদ্যশস্য উত্তোলন ও বিতরণের ব্যবস্থা করা।
(ঘ) ভিজিএফ কার্ডের তালিকা যথাযথভাবে সংরক্ষণ করা।

► নির্দেশিকা প্রাপ্তির সাথে সাথে কমিটি গঠন করে উপকারভোগীদের তালিকা প্রণয়নের কার্যক্রম শুরু করতে হবে। পৌরসভা পর্যায়ে প্রণীত ভিজিএফ উপকারভোগীর তালিকায় কমিটির সকল সদস্য স্বাক্ষর করবেন এবং তালিকাটি পৌরসভার নোটিশ বোর্ডে প্রদর্শন করতে হবে।

► কমিটি খাদ্য সামগ্রী উত্তোলন, বিতরণ ও হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবে। কমিটির সভাপতি নিরীক্ষার জন্য খাদ্যশস্যের মজুদ রেজিষ্টার, মাষ্টার রোল ও অন্যান্য হিসাবপত্র সংরক্ষণ করবেন।

৭। ভিজিএফ উপকারভোগী বাছাই/নির্বাচনের শর্তাবলী

► ভিজিএফ কর্মসূচীর আওতায় উপকারভোগী নির্বাচনের মাপকাঠী হবে নিম্নরূপ ঃ-

(১) দিনমজুর অথবা সাময়িক মজুর অথবা যাদের আয় অনিয়মিত, অতি সামান্য অথবা পারিবারিক আয়ের কোনরকম ব্যবস্থা নেই এমন মহিলা/পুরুষ।
(২) ভূমিহীন অথবা ০.১৫ একর জমির চেয়ে কম জমির মালিকানা সম্পন্ন দরিদ্র মহিলা/পুরুষ।
(৩) পঙ্গু স্বামীর স্ত্রী/প্রতিবন্ধী।
(৪) নদী ভাংগন/বন্যা/পাহাড়ী ঢল/প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত দরিদ্র মহিলা/পুরুষ।

► ভিজিডিসহ কোন সরকারী/বেসরকারী সংস্থার খাদ্য সাহায্য কর্মসূচীর অন্তর্ভূক্ত কোন মহিলা/পুরুষ ভিজিএফ কার্ড পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে না।

► একই পরিবারের একাধিক ব্যক্তি কোনক্রমেই ভিজিএফ কার্ড পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

► ভিজিএফ কার্ডের সংখ্যা এবং প্রতি কার্ডে মাথাপিছু খাদ্যশস্যের পরিমাণ এবং কতদিন পর্যন্ত খাদ্য সাহায্য পাবেন তা' সরকার কর্তৃক নির্ধারিত হবে।

৮। ভিজিএফ কার্ড প্রণয়ন ও সংরক্ষণ

(ক) ইউনিয়ন ভিজিএফ কমিটির মাধ্যমে প্রাপ্ত উপকারভোগীর তালিকার ভিত্তিতে উপজেলা নির্বাহী কর্মকর্তা ভিজিএফ কার্ড ইস্যু করবেন।
(খ) ভিজিএফ কার্ডে জেলা/উপজেলার কোড অনুযায়ী ক্রমিক নম্বর উল্লেখ থাকবে।
(গ) সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা/পৌরসভার চেয়ারম্যান/উপজেলা নির্বাহী কর্মকর্তা এই কার্ডে স্বাক্ষর করবেন।
(ঘ) ভিজিএফ কার্ড হস্তান্তরযোগ্য নয়। উপকারভোগীকে এই কার্ড সংরক্ষণ করতে হবে।
(ঙ) ভিজিএফ কার্ডধারীদের তালিকা উপজেলা/ইউনিয়ন পরিষদ/পৌরসভা ওয়ার্ড কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

৯। ভিজিএফ কর্মসূচীর খাদ্যশস্য বরাদ্দ ও বিতরণ ব্যবস্থাপনা

(১) প্রত্যেক জেলার জেলা প্রশাসক সংশ্লিষ্ট জেলার ভিজিএফ উপকারভোগীর তালিকা প্রস্তুত করে মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর বরাবর তা' প্রেরণ করবেন। মহাপরিচালক প্রাপ্ত তালিকা যাচাই-বাছাইপূর্বক দারিদ্রতা, অনগ্রসরতা এবং জনসংখ্যার ভিত্তিতে তালিকার খসড়া প্রস্তুত করে তা' অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। মন্ত্রণালয় কর্তৃক মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের প্রস্তাব পরীক্ষাপূর্বক জেলার অনুকূলে ভিজিএফ উপকারভোগীর সংখ্যা, খাদ্যশস্যের পরিমাণ ও ভিজিএফ কার্ডের মেয়াদ উল্লেখপূর্বক চুড়ান্ত অনুমোদন করে মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরকে অবহিত করবেন।

(২) মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর জেলা প্রশাসকের অনুকূলে তাঁর জেলায় উপজেলাওয়ারী ভিজিএফ কার্ডের সংখ্যা, খাদ্য শস্যের পরিমাণ এবং পরিবহণ ও আনুষাংগিক খরচের অর্থের পরিমাণ উল্লেখ করে বরাদ্দপত্র (জি.ও) জারী করবেন।

(৩) সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা/উজেলা নির্বাহী অফিসার/পৌরসভার চেয়ারম্যানের অনুকূলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক, খাদ্যশস্য এবং পরিবহণ ও আনুষাংগিক খরচের অর্থ উপবরাদ্দ প্রদান করবেন।

(৪) (ক) জেলা প্রশাসক পৌরসভার ভিজিএফ কেন্দ্রের সভাপতির অনুকূলে খাদ্যশস্যের অর্পনাদেশ (ডি.ও) জারী করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে পত্র প্রেরণ করবে।

(খ) সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা/উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের ওয়ার্ড/ ইউনিয়ন ভিজিএফ কেন্দ্রে সভাপতির অনুকূলে খাদ্যশস্যের অর্পনাদেশ (ডি.ও) জারী করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে পত্র প্রেরণ করবে।

(৫) যে মাসের জন্য ভিজিএফ এর খাদ্যশস্য বরাদ্দ প্রদান করা হবে সে মাসেই বরাদ্দকৃত খাদ্যশস্য উত্তোলন ও বিতরণ করতে হবে।

(৬) শহর এলাকায় নিয়ন্ত্রণাধীন খাদ্যগুদামের আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের ওয়ার্ড/ পৌরসভা/ইউনিয়নের অনুকূলে বরাদ্দকৃত খাদ্যশস্য বিতরণের জন্য স্থানীয় খাদ্যগুদামে খাদ্যশস্যের অর্পনাদেশ জারী করবেন।

(৭) তালিকাভূক্ত ভিজিএফ কার্ডধারীর মৃত্যু হলে ঐ পরিবারের পরবর্তী কর্তা/যিনি পরিবারের প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন তার' নামে (সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান এর প্রত্যয়পত্র সাপেক্ষে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার সুপারিশের প্রেক্ষিতে) ঐ কার্ডের পরবর্তী অবশিষ্ট মেয়াদের জন্য বিকল্প কার্ড ইস্যু করা যাবে। তবে বিকল্প কার্ডে মূল কার্ডধারীর নামও উল্লেখ থাকবে। তবে কোন পরিবারে এরূপ কাউকে পাওয়া না গেলে ঐ পরিবারের সাহায্য গ্রহণের মত কেউ না থাকলে উক্ত কার্ডের বিপরীতে খাদ্যশস্য বিতরণ স্থগিত রেখে তা' অনতি বিলম্বে জেলা প্রশাসকের মাধ্যমে মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরকে অবহিত করতে হবে। মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর ঐ কার্ড বাতিল করে মন্ত্রণালয়কে অবহিত করবেন এবং উক্ত কার্ডের বিপরীতে বরাদ্দকৃত খাদ্যশস্য পরবর্তী বরাদ্দের সময় সমন্বয় করবেন।

(৮) মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর হতে জেলা প্রশাসকগণের নিকট সরকারী মঞ্জুরী আদেশ জারী করবেন এবং হিসাব সংরক্ষণ করবেন। মঞ্জুরী আদেশের একটি কপি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

► ভিজিএফ কর্মসূচীর খাদ্য সামগ্রী তসরূপ করা হলে তদন্ত সাপেক্ষে জড়িত ব্যক্তি/ব্যক্তিগণের নিকট থেকে তসরূপকৃত খাদ্যশস্যের দ্বিগুন মূল্য আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হবে। তসরূপকৃত খাদ্যশস্যের মূল্য এক মাসের মধ্যে আদায় না হলে জেলা প্রশাসক প্রচলিত নিয়ম অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন।

স্বাক্ষরিত/-
০৭/০৫/২০০৭
(মোহছেনা ফেরদৌসী)
যুগ্ম-সচিব(দুঃব্যঃ)।

নং-খাদুব্যম/ত্রাক-৩/০৫/২০০৭-২২৬০ তারিখ ঃ ০৭/০৫/২০০৭

বিতরণ ঃ অবগতি ও কার্যার্থে ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব/প্রধান উপদেষ্টার মূখ্য সচিব।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৩। বিভাগীয় কমিশনার (সকল)
৪। মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্হাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ৯২-৯৩, মহাখালী, ঢাকা।
৫। জেলা প্রশাসক .... (সকল)।
৬। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্হাপনা মন্ত্রণালয়।
৭। মাননীয় মেয়র এর একান্ত সচিব, ... (সকল)।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবস্হাপনা মন্ত্রণালয়।
৯। চেয়ারম্যান, পৌরসভা, ... (সকল)।
১০। উপজেলা নির্বাহী অফিসার, ... (সকল)।
১১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা .... (সকল)।
১২। যুগ্ম-সচিব(দুঃব্য)/উপ-সচিব (ত্রাক-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্হাপনা মন্ত্রণালয়।

স্বাঃ-
(মোঃ আমির হোসেন)
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-৩)